

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.০২১.১১-

তারিখঃ

১৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ৪৩(১)(খ) ধারার বিধান, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৬ নভেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৪.৪৯.২৩৩.০৯-১৮-৩২ নং প্রজ্ঞাপন এবং মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১৬১/২০১৯ এর ০৮/০১/২০১৯ খ্রিঃ তারিখের আদেশের প্রেক্ষিতে মুজিবনগর কর্মচারীকে মুক্তিযোদ্ধা হিসেবে গণ্য করে জনাব গাজী ফখরুদ্দীন (জন্ম তারিখ ০৩/০২/১৯৬০ খ্রিঃ), সহকারী কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামকে তাঁর বয়স ৬০ বছর পূর্তিতে ০২/০২/২০২০ খ্রিঃ তারিখ হতে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো।

০২। বর্ণিত কর্মকর্তার অনুকূলে ছুটি পাওনা সাপেক্ষে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পসুম হিসাবে ০৩/০২/২০২০ খ্রিঃ তারিখ হতে ০২/০২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বৎসরের অবসরোত্তর ছুটি (পিআরএল) মঞ্জুর করা হলো।

০৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসরোত্তর ছুটিকালীন সুবিধাদি প্রাপ্য হবেন।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাঃ-

(মোঃ শামসুদ্দীন)

দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)

ফোন:-৮৩৯১৬৩৪

নম্বর : ০৮.০১.০০০০.০১১.০১.০২১.১১- ৩২০ (৩)

তারিখঃ

১৮ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

০২। বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম।

০৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৪। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

০৫। জনাব গাজী ফখরুদ্দীন, সহকারী কমিশনার (চলতি দায়িত্ব), কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।

২/৩/২০২০

(মোঃ শামসুদ্দীন)

দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)